

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৬৩৫

আগরতলা, ২১ অক্টোবর, ২০১৮

যথাযোগ্য মর্যাদায় পুলিশ  
স্মৃতিরক্ষা দিবস উদযাপিত

সারা ভারতবর্ষের সাথে বীর জওয়ানদের স্মরণে আজ রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় পুলিশ স্মৃতিরক্ষা দিবস উদযাপন করা হয়। আজ সকালে পুলিশ স্মৃতিরক্ষা দিবস উপলক্ষে এ ডি নগর পুলিশ মাঠে পুলিশ শহীদ স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পন করে শহীদ বীর জওয়ানদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। অনুষ্ঠানে মুখ্যসচিব এল কে গুপ্তা, রাজ্য পুলিশ মহানির্দেশক অখিল কুমার শুক্লা সহ আরক্ষা প্রশাসনের বিভিন্ন স্তরের উচ্চপদস্থ আধিকারিকগণ পুলিশ শহীদ স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। অনুষ্ঠানে সাংবাদিকদের সাথে কথা বলার সময় মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, ভারতের সমস্ত রাজ্যে এই দিনটিকে শহীদ স্মৃতি দিবস হিসেবে পালন করা হয়। এই দিনটিতে বীর শহীদ এবং তাদের পরিবারদের স্মরণ করা হয়। ভারতের প্রত্যেকটি রাজ্যের বিভিন্ন বাহিনীর জওয়ান এবং আধিকারিকরা কর্মনিষ্ঠার সাথে দেশের সেবা করেন বলে তিনি বিশ্বাস করেন। ভারতের সার্বভৌমত্ব রক্ষা করতে এবছর দেশের ৪১৪ জন বিভিন্ন বাহিনীর জওয়ান যারা নিজেদের জীবন উৎসর্গ করেছেন মুখ্যমন্ত্রী তাদের শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং তাদের পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শহীদ পরিবারের সদস্যদের সাথেও কথা বলেন। উল্লেখ্য অনুষ্ঠানের শুরুতে দেশে গত এক বছরে বিভিন্ন রাজ্যের পুলিশ কর্মী এবং বিভিন্ন বাহিনীর জওয়ান যারা নিজেদের জীবন দিয়েছেন তাদের নাম শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়। অনুষ্ঠানে আরক্ষা প্রশাসনের পুলিশ কর্মীরা শহীদ বীর জওয়ানদের স্মরণে কুচকাওয়াজে অংশ নেন।

\*\*\*\*\*